

Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 01 June, 2025

কুড়িগ্রাম ২ নং সরকারি মডেল প্রাথমিক বিদ্যালয়ে নজরুল ও ভাওয়াইয়া চর্চা কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে। রোববার (১লা জুন) দুপুরে চর্চাকেন্দ্রের উদ্বোধন করেন জেলা প্রশাসক নুসরাত সুলতানা।

এ সময় বিদ্যালয় মাঠে জাতীয় কবি নজরুল ইসলামের ১২৬ তম জন্মদিন উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

অনুষ্ঠানের শুরুতে ফলক উন্মোচন করে নজরুল ও ভাওয়াইয়া চর্চা কেন্দ্রের উদ্বোধন করেন জেলা প্রশাসক। এ সময় জেলা প্রশাসক নুসরাত সুলতানা বলেন, 'সাহিত্যের মাধ্যমে আমাদের যারা অনুপ্রাণিত করেছে, আমাদের কচিকচি সোনামনিরা তাদের যেন জানতে পারে। সবসময় যেন অন্যায়ের প্রতিবাদ করতে পারে, সত্যের পথে চলতে পারে। এই লক্ষ্য নিয়ে প্রত্যেকটি বিদ্যালয়ে একটি করে চর্চা কেন্দ্র স্থাপন করা হবে।

জেলা প্রশাসক বলেন, সেটা হতে পারে নজরুল চর্চা কেন্দ্র, ভাওয়াইয়া চর্চা কেন্দ্র বা অন্য যেকোন চর্চা কেন্দ্র। আমরা এটা বলি, যে যাকে চর্চা করতে চায়, অর্থাৎ তারা যাকে অনুসরণ করতে চায় তার চর্চা কেন্দ্র করতে পারে। তারই ধারাবাহিকতায় আজকে এ চর্চা কেন্দ্রের উদ্বোধন করা হলো।'

২ নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোখশানা বেগম বলেন, 'আজকে যে নজরুল ও ভাওয়াইয়া চর্চা কেন্দ্র উদ্বোধন হলো তার বড় ভূমিকা আমাদের মাননীয় জেলা

প্রশাসকের। তিনি এটি করে আমাদের উদ্বুদ্ধ করেন।

তিনি বলেন, নজরুলের গান, কবিতা, জীবনী নিয়ে আমাদের বাচ্চারা জানতে পারবে।
নজরুলের যে সাম্যের আহ্বান যে আলোকে জীবন গড়তে শিখতে।

আরও বলেন, কুড়িগ্রাম, রংপুর বা উত্তরবঙ্গের ভাওয়াইয়া গান চর্চার বিশদ সংগ্রহশালা এই
চর্চা কেন্দ্র।

শিক্ষকরা বলেন, নতুন প্রজন্মের মাঝে নজরুলের গান, কবিতা, আদর্শ ও নৈতিকতা ছড়িয়ে
দিতে স্কুল কর্তৃপক্ষ এই চর্চা কেন্দ্র করেছে। চলমান পরিস্থিতিতে প্রতিটি শিক্ষার্থীকে
লেখাপড়ার পাশাপাশি সামাজিক নীতি নৈতিকতার বেশি বেশি চর্চা করা উচিত। এক্ষেত্রে
আমাদের জাতীয় কবি নজরুল অন্যতম। কাজী নজরুল ইসলাম সমাজের অন্যায় অবিচারের
বিরুদ্ধে সব সময় সোচ্চার ছিলেন। তিনি তার রচনা ও গানে সব সময় সাম্যের কথা বলতেন।
তিনি নারীদেরও যোগ্য সম্মান দিয়েছেন। ভাওয়াইয়া গানের ধাম নদ-নদী ময় আমাদের
কুড়িগ্রাম কুড়িগ্রাম জেলা ভাওয়াইয়া গানে সমৃদ্ধ। ভাওয়াইয়া গান ভালোবাসার কথা বলে।
মানুষের মিলনের কথা বলে মানুষে-মানুষে বন্ধুত্বের কথা বলে এই ধারাবাহিকতায় আমাদের
এই চর্চা কেন্দ্রের উদ্বোধন হলো।

এই স্কুলের শিক্ষার্থী মুরসালাত খান রাদ বলেন, 'আমি মনে করি প্রতিটি স্কুলে এরকম চর্চা
কেন্দ্র হওয়া উচিত। যাতে করে আমাদের জ্ঞানের ভান্ডার আরো সমৃদ্ধ হয়।'

অবিভাবক মাসুম বিল্লাহ্ বলেন, নজরুল ও ভাওয়াইয়া গানের এই চর্চা কেন্দ্র আসলে খুবই
প্রয়োজন ছিল আমাদের প্রজন্মের জন্য এই চর্চা কেন্দ্রে বড় একটি সুযোগ তৈরি হলো। আমি
আশা করি এই চর্চা কেন্দ্রের মাধ্যমে আগামী প্রজন্ম একটি সুন্দর ভবিষ্যৎ রচনা করতে
পারবে।

এ অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার স্বপন কুমার রায় চৌধুরী, সদর উপজেলা নির্বাহী অফিসার সাঈদা পারভীন, সাবেক পৌর মেয়র আবু বক্কর সিদ্দিকসহ অনেকে।

পরে চর্চা কেন্দ্র পরিদর্শন করে পুরো সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন জেলা প্রশাসক নুসরাত সুলতানা।

উদ্বোধন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 22:30

URL: <https://www.timestodaybd.com/public/rangpur/3249775807>